যুগান্তর

তারিখ 04 MAY 2008

# দিরাইয়ের হাওরাঞ্চল : ৬৫টি গ্রামে কোন বিদ্যালয় নেই

দিরাই (সুনামগঞ্জ) প্রতিনিধি

সুনামগঞ্জের দিরাই উপজেলার হাওরাঞ্চলের প্রাথমিক শিক্ষা ব্যবস্থা নানা সমস্যায় জর্জরিত। বহুবিধ সমস্যার আবর্তে এ অঞ্চলের প্রাথমিক শিক্ষা এখনও পিছিয়ে আছে। উপজেলায় ৯টি ইউনিয়ন ও ১টি পৌরসভা রয়েছে। বৃহত্তম গ্রাম রয়েছে ২৩৮টি। এর মধ্যে ৬৫টি গ্রামে কোন বিদ্যালয় নেই। ১৮৭৭ সালে সুনামগঞ্জ মহকুমা হিসেবে প্রতিষ্ঠা লাভ করে। সে সময় দিরাইতে প্রাথমিক বিদ্যালয় ছিল মাত্র ২টি। ১৮০৫ সালে প্রতিষ্ঠিত দিরাই আদর্শ সরকারি প্রাথমিক বিদ্যালয় এবং ১৮৪৫ সালে প্রতিষ্ঠিত কুচিরগাঁও সরকারি প্রাথমিক বিদ্যালয়। উপজেলায় ৯৬টি সরকারি ও ৬০টি রেজিস্টার্ড, ৩টি কমিউনিটি ও ৪টি ইবতেদায়ি মাদ্রাসা নিয়ে চলছে প্রাথমিক শিক্ষা কার্যক্রম। প্রধান শিক্ষকের ৯টি ও সহকারী শিক্ষকের ৩০টি পদ শূন্য রয়েছে। ৩৭৬ শিক্ষকের পক্ষে উপজেলার প্রায় ৩০ হাজার প্রাথমিক ছাত্রছাত্রীর পাঠদান কোনভাবে শিক্ষকদের পদ সৃষ্টি করা হচ্ছে না। এদিকে ১৯৮৮ সালের ভয়াবহ বন্যায় উপজেলার মানিকদা সরকারি প্রাথমিক বিদ্যালয় ভবন সম্পূর্ণভাবে ধসে পড়ে। ১৮ বছর ধরে মানিকদা গ্রামের ছেলেমেয়েরা প্রাথমিক শিক্ষা থেকে বঞ্চিত ছিল।